

## ঢাকা কলেজে বিজ্ঞান মেলা উদ্বোধন

যুগান্তর রিপোর্ট

ঢাকা কলেজ বিজ্ঞান ক্লাবের উদ্যোগে তিন দিনব্যাপী বিজ্ঞান মেলা শুরু হয়েছে। কলেজের শহীদ আনাম নজিব উদ্দিন খান সুররম মিলনায়তনে বুধবার মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিপি অধ্যাপক ডা. প্রাণ-গোপাল দত্ত, প্রোভিসি গবেষণা ও উন্নয়ন অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার, ঢাকা কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মো. মোয়াজ্জেব হোসেন সোহান, বিজ্ঞান মেলা উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. ননী গোপাল সরকার প্রমুখ।

অনুষ্ঠানে বক্তৃতা রাখেন, বিজ্ঞানমনস্ক জাতি গঠনের জন্য শৈশব থেকেই পাঠ্যপুস্তক পড়ার পাশাপাশি বিজ্ঞান বিষয়ে অধ্যয়ন, বিজ্ঞান বিষয়ে প্রদর্শনী, সেমিনার ও গবেষণা করণে নিয়োজিত হওয়া জরুরি। মেলায় বিজ্ঞান প্রজেক্ট প্রদর্শন, রোবট প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।